

তারিখ:
পূর্ন: কলাম:

এমএম কলেজকে বিশ্ববিদ্যালয় না করলে দক্ষিণাঞ্চল অচল করে দেয়া হবে

নিজস্ব সংবাদদাতা, যশোর অফিস : অবিলম্বে যশোরের সরকারি মাইকেল মধুসূদন কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় ঘোষণা করা না হলে গোটা দক্ষিণাঞ্চলকে অচল করার হুমকি দিয়েছে বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন ছাত্র সংগ্রাম পরিষদ।

বিশ্ববিদ্যালয়ের অধীনে যেসব সরকারি কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করার ঘোষণা দেয়া হয়েছে তাতে অবিলম্বে মাইকেল মধুসূদন কলেজকেও অন্তর্ভুক্তির দাবি জানানো হয়।

সোমবার কলেজে এক সাংবাদিক সম্মেলনে পরিষদ এ লক্ষ্যে বিক্ষোভ মিছিল, সমাবেশ, ডিসি অফিস ঘেরাও স্মারকলিপি প্রদান ও ওরা আগস্ট অবরোধ, মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশের কর্মসূচি ঘোষণা করেছে।

ছাত্র সংগ্রাম পরিষদ ঘোষিত কর্মসূচির সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন যশোর চেম্বারের সভাপতি মহিদুল ইসলাম মিলন। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান পরিষদের আহ্বায়ক ও ছাত্রদল নেতা আবিদুর রহমান কুয়াশা। এসময় অন্যদের মধ্যে ছাত্রলীগের মাজহারুল ইসলাম খ্রিষ্ট, জাতীয় ছাত্রদলের মাসুদ রানা, ছাত্রমৈত্রীর মফিজুর রহমান, ছাত্রফ্রন্টের এসএম রয়েল, জাতীয়তাবাদী ছাত্রদলের আশরাফুল কবির প্রমুখ উপস্থিত ছিলেন।

পরিষদ দক্ষিণবঙ্গের ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ মাইকেল মধুসূদন কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের তালিকা থেকে বাদ দেয়ায় ক্ষোভ প্রকাশ করে। ইতোপূর্বে সরকার ঘোষিত ৮টি সরকারি কলেজকে বিশ্ববিদ্যালয়করণের যে তালিকা হয় তাতেও যশোরের নাম ছিল। অথচ এবার তা বাদ দেয়া হয়েছে। ভৌগলিক অবস্থান, কলেজের ছাত্রছাত্রী সংখ্যা, সর্বোপরি শিক্ষার পরিবেশ বিশেষ করে নকলমুক্ত শিক্ষাদান হিসেবে সুনামের অধিকারী মাইকেল মধুসূদন কলেজ। যার বর্তমান ছাত্রছাত্রী সংখ্যা ১৫ হাজার। এখানে ১৫টি বিষয়ে অনার্স ও ১৬টিতে মাস্টার্স কোর্স চালু রয়েছে। এসব বিচারে জাতীয়